# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১২]

পর্ব-১: ত্বহারাহ্‌ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩৫: আকরা (হায়য) সম্পর্কিত বর্ণনা

## ذِكْرُ الْأَقْرَاءِ

আরবী

أَخْبَرَنَا عِيسَى بْنُ حَمَّادٍ، قال: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ الْمُنْذِرِ بْنِ الْمُغِيرَةِ، عَنْ عُرْوَةَ، أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ حَدَّثَتْ، أَنَّهَا أَتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَكَتْ إِلَيْهِ الدَّمَ، فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا ذَلِكَ عِرْقٌ، فَانْظُرِي إِذَا أَتَاكِ قُرْؤُكِ فَلَا تُصَلِّ، فَإِذَا مَرَّ قُرْؤُكِ فَتَطَهَّرِي ثُمَّ صَلِّي مَا بَيْنَ الْقُرْءِ إِلَى الْقُرْءِ، هَذَا الدَّلِيلُ عَلَى أَنَّ الْأَقْرَاءَ حَيْضٌ ، قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ هِشَامُ بْنُ عُرْوَةَ، عَنْ عُرْوَةَ، وَلَمْ يَذْكُرْ فِيهِ مَا ذَكَرَ الْمُنْذِرُ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٢٠١، (تحفة الأشراف: ١٨٠١٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 212 - صحيح

বাংলা

২১১. ’ঈসা ইবনু হাম্মাদ (রহ.) ..... উরওয়াহ্‌ (রাঃ) হতে বর্ণিত। ফাত্বিমাহ্‌ বিনতু আবূ হুবায়শ (রাঃ) বর্ণনা করেছেন যে, তিনি রাসূলুল্লাহ (সা.) -এর নিকট এসে তাঁর রক্তক্ষরণজনিত অসুবিধার কথা জানালেন। রাসূলুল্লাহ (সা.) তাকে বললেন, এটা একটি শিরার রক্ত মাত্র। অতএব লক্ষ্য রাখবে যখন তোমার হায়য আসে তখন সালাত আদায় করা থেকে বিরত থাকবে। আর যখন তোমার হায়য চলে যায় তখন তুমি পবিত্র হয়ে সালাত আদায় করবে এক হায়য হতে অন্য হায়যের মধ্যবর্তী সময় পর্যন্ত। এ হাদীস হতে বুঝা যায়- (الأَقْرَاء) ’আকরা; এখানে হায়য অর্থেই ব্যবহৃত হয়েছে। আবূ আবদুর রহমান বলেন, হিশাম ইবনু ’উরওয়াহ (রহ.) এ হাদীসটি ’উরওয়াহ হতে বর্ণনা করেছেন। কিন্তু মুনযির রাবী তাতে এ (হায়য) সম্পর্কে যা উল্লেখ করেছেন তা তিনি উল্লেখ করেননি।

## English

135. Mentioning The Period

It was narrated from 'Urwah that Fatimah bint Abi Hubaish narrated that she came to the Messenger of Allah (ﷺ) and complained to him about bleeding. The Messenger of Allah (ﷺ) said to her: That is a vein, so when your period comes, do not pray, and when your period is over, purify yourself and pray in between one period and the next. This is evidence that Al-Aqra' is menstruation. Abu 'Abdur-Rahman said: Hisham bin 'Urwah reported this Hadith from 'Urwah, and he did not mention what Al-Mundhir mentioned in it.

### ফুটনোট

সহীহ: আবূ দাউদ ২৮০, সহীহ আবূ দাউদ ৪৭১, ইবনু মাজাহ ৬২০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ফাতিমা বিনত আবু হুবায়শ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86482

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন